গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২
www.minland.gov.bd

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৬.০৬.০০৭.২২-৩৪৮

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ভূমি সম্মেলন এবং ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদযাপনের লক্ষ্যে বাজেট বরাদ্দ সংক্রান্ত।

সূত্র: (১) ভূমি মন্ত্রণালয়ের গত ১৪/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৪.১১.২০২৩ তারিখ, মঙ্গলবার, বেলা-২.৩০ ঘটিকায় ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষে জনাব মো: আব্বাছ উদ্দিন, অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় ভূমি সম্মেলন ও ভূমি সেবা-২০২৪ উদযাপন উপলক্ষ্যে বাজেট বরাদ্দ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় অনুমোদন করেছেন।

২। এমতাবস্থায়, জাতীয় ভূমি সম্মেলন ও ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদযাপন উপলক্ষ্যে বাজেট বরাদ্দের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার কার্যবিরণী এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ভূমি মন্ত্রণালয়ের গত ১৪/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিরণী।

(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন:- ০২-২২৩৩৮১৫২০
ই-মেইল: fa2@minland.gov.bd

বিতরণ:
১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।

২। যুগ্মসচিব (বাজেট ও অডিট)
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৬.০৬.০০৭.২২-৩৪৮

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রামনুসারে নয়) :-
০১। যুগ্ম সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (বাজেট ও অডিট), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৩। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

(তানিয়া আফরোজ)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন -২
www.minland.gov.bd

**বিষয়: ভূমি সম্মেলন এবং ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদযাপনের লক্ষ্যে বাজেট বরাদ্দ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: আব্বাছ উদ্দিন
অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
সভার স্থান : ভূমি মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভার তারিখ ও সময়: ১৪/১১/২০২৩; বিকাল ০২.৩০ ঘটিকা।

উপস্থিতি সদস্যবৃন্দের তালিকা "পরিশিষ্ট -ক"।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি, সভার শুরুতে জাতীয় ভূমি সম্মেলন ও ভূমি সেবা সপ্তাহ-২০২৩ উদযাপনের খরচ সম্পর্কে জানতে চাইলে যুগ্মসচিব, মাঠ মাঠ প্রশাসন-১ নিম্নবর্ণিত তথ্যাদি বিস্তারিত ভাবে তুলে ধরেন:

| ক্রম | কার্যালের নাম | বরাদ্দের পরিমাণ | মোট বরাদ্দ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | কেন্দ্রিয়ভাবে উদযাপন | ৭০,০০,০০০/- | ৭০,০০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০২. | ৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয় | ১০০,০০০/-x৮ | ৮,০০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০৩. | জেলা প্রশাসকের কার্যালয় (সিলেট ও ময়মনসিংহ বিভাগের ৮টি জেলা) | ৮০,০০০/-x৮ | ৬,৪০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| | জেলা প্রশাসকের কার্যালয় (ভূমি সংস্কার বোর্ড ৫৬ টি জেলা) | ৮০,০০০x ৫৬ | ৪৪,৮০,০০০/- | ভূমি সংস্কার বোর্ড |
| ০৪. | ৪২৬টি উপজেলা ভূমি অফিসের কার্যালয় | ৪০,০০০/-x৪২৬ | ১,৭০,৪০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০৫. | ৬১টি সদর উপজেলা ভূমি অফিস/২৫টি রাজস্ব সার্কেল ভূমি অফিস | ২০,০০০/-x৮৬ | ১৭,২০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| | | | ৩,১৬,৮০,০০০/- | |

২। সভায় জনাব প্রদীপ কুমার দাস, অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) উল্লেখ করেন যে, জাতীয় ভূমি সম্মেলন ও ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদযাপনের লক্ষ্যে বাজেট বরাদ্দ বাড়াতে হবে, যে অর্থ আমরা বরাদ্দ প্রদান করি তাতে সুন্দরভাবে অনুষ্ঠান করা যায়না সে ক্ষেত্রে প্রতিটি অফিসের জন্য আরো কিছু বেশি অর্থ বরাদ্দ বাড়ানো যায় কিনা সে বিষয়ে অনুরোধ করেন।

৩। এ বিষয়ে জনাব সাবেরা আক্তার, যুগ্মসচিব, বাজেট ও অডিট শাখা উল্লেখ করেন যে, কেন্দ্রীয় ভাবে জাতীয় ভূমি সম্মেলনের বাজেট কমপক্ষে ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা, উপজেলা ভূমি অফিস/সদর উপজেলা ভূমি অফিস/ রাজস্ব সার্কেল ভূমি অফিসে আরো ১০-২০ হাজার টাকা বাড়ানো যেতে পারে।

৪। জনাব মো: রেজাউল কবীর, উপ ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার জানান যে, ভূমি সেবা সপ্তাহ-২০২৪ এ উদযাপন উপলক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করতে পারবে।

৫। **সিদ্ধান্ত** : জাতীয় ভূমি সম্মেলন ও ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদযাপনের লক্ষ্যে সকলের সম্মতিক্রমে বাজেট বরাদ্দ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**(ক)** ভূমি মন্ত্রণালয়ের বাজেট অধিশাখা হতে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত জাতীয় ভূমি সম্মেলন ও ভূমি সেবা সপ্তাহ-২০২৪ উদযাপনের লক্ষ্যে অর্থ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | কার্যালের নাম | বরাদ্দের পরিমাণ | মোট বরাদ্দ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | কেন্দ্রিয়ভাবে উদযাপন | ১,০০,০০,০০০/- | ১,০০,০০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০২. | ৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয় | ১০০,০০০/-x৮ | ৮,০০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০৩. | জেলা প্রশাসকের কার্যালয় (খুলনা বিভাগের ১০টি জেলা ও ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদী জেলাসহ সর্বমোট ১৪টি জেলায়) | ১,০০,০০০/-x১৪ | ১৪,০০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০৪. | ৪২৬টি উপজেলা ভূমি অফিসের কার্যালয় | ৫০,০০০/-x৪২৭ | ২,১৩,০০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| ০৫. | ৬১টি সদর উপজেলা ভূমি অফিস/২৬টি রাজস্ব সার্কেল ভূমি অফিস | ৪০,০০০/-x৮৭ | ৩৪,৮০,০০০/- | ভূমি মন্ত্রণালয় |
| | | | ৩,৬৯,৮০,০০০/- | |

**(খ)** চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ১০০,০০০/- (এক লক্ষ) টাকা করে ৫০টি জেলা প্রশাসকের কার্যালয়ে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করবেন (খুলনা বিভাগের ১০টি জেলা ও ঢাকা বিভাগের ঢাকা,নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদী জেলা ব্যতিত বাকী ৫০টি জেলা)।

৬। অনুচ্ছেদ- ৫(ক), (খ) এর সিদ্ধান্ত মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য উপস্থাপনের পর মন্ত্রণালয় অনুমোদন করলে বাস্তবায়িত হবে।

৭। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
(মো: আব্বাছ উদ্দিন)
অতিরিক্ত সচিব
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর- ৩১.০.০০০০.০৫৬.০৬.০০৭.২২-৩৪৭ তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রামনুসারে নয়) :-
০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, কাটাবন, নীলক্ষেত, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।
১২। জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

১৫/১১/২৩
(মোছাম্মাৎ মমতাজ বেগম)
যুগ্মসচিব